

যুগান্তর

তারিখ : 17 DEC 2015 ...
পৃষ্ঠা : ২৬ কলাম : ৬

**ব্রিটিশ কাউন্সিলের
বইপড়া প্রতিযোগিতায়
৬৫ জন পুরস্কৃত**

যুগান্তর রিপোর্ট

বইপড়া প্রতিযোগিতায় ৬৫ জনকে পুরস্কৃত করেছে ব্রিটিশ কাউন্সিল। মঙ্গলবার ফুলার রোডের ব্রিটিশ কাউন্সিল ভবনে এক অনুষ্ঠানে বিজয়ীদের হাতে এ পুরস্কার দেয়া হয়। 'ওয়ার্ল্ড বুক ডে-২০১৫' উপলক্ষে জুনে দেশজুড়ে যৌথভাবে বইপড়া প্রতিযোগিতার আয়োজন করে ব্রিটিশ কাউন্সিল ও ড্যাফোডিল এডুকেশন নেটওয়ার্ক (ডিএন) অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ডাঃ ম স আরেফিন সিদ্দিক, ড্যাফোডিল গ্রুপের চেয়ারম্যান শো, সবুর খান, ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের ডেপুটি ডিরেক্টর ম্যাট পিউসি ও ড্যাফোডিল এডুকেশন নেটওয়ার্কের এক্সিকিউটিভ ডিরেক্টর শো, নুরুজ্জামান। সারা দেশ থেকে চারটি বিভাগে প্রায় ৩ হাজার প্রতিযোগী এতে অংশ নেয়। 'এ' বিভাগে ছিল প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী, 'বি' বিভাগে ছিল ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী, 'সি' বিভাগে নবম থেকে দ্বাদশ শ্রেণী এবং 'ডি' বিভাগে ছিল দ্বাদশ শ্রেণীর উর্ধ্বে যে কোনো বয়সের মানুষ।